গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.mochta.gov.bd)

বিষয়ঃ **'পার্বত্য মেলা-২০২২' আয়োজন উপলক্ষ্যে ফলোআপ সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোসাম্মৎ হামিদা বেগম<br>সচিব<br>পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |
| সভার স্থান | : | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ (ভবন নম্বর-০৪, ৭ম তলা, কক্ষ নম্বর-৬১৯) |
| সভার তারিখ ও সময় | : | ২৬/১২/২০২১ খ্রিঃ; বেলা ১১.০০ টা |
| সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তা/প্রতিনিধি/সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি গত ১০/১১/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর অগ্রগতির বিষয়ে সভায় উপস্থিত সকল-কে অবহিত করার জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন)-কে অনুরোধ জানান। অতিরিক্ত সচিব (প্রশাসন) উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতির উপর তৈরিকৃত একটি চেকলিস্ট পাঠ করে শোনান। চেকলিস্ট অনুযায়ী আলোচনায় অংশগ্রহণের জন্য উপস্থিত প্রতিনিধিগণের দৃষ্টি আকর্ষণ করেন। আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র:নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব/বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | নিরাপত্তা এবং অন্যান্য বিষয় নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ দপ্তর/ সংস্থা বরাবর পত্র প্রেরণ | পার্বত্য মেলা ২০২২ আয়োজন উপলক্ষ্যে যে সকল দপ্তর/সংস্থায় পত্র প্রেরণ করা হয়েছে উপসচিব (প্রশাসন-১) সভায় উপস্থিত সকলকে তা অবহিত করেন।<br>ক) মেলা প্রাঙ্গনে-মেলা শুরুর পূর্ব হতে এবং মেলাকালীন- পুলিশ মোতায়েন/মহিলা পুলিশসহ<br>খ) সাংস্কৃতিক অনুষ্ঠান<br>গ) অগ্নি নির্বাপণ ব্যবস্থা (স্ট্যান্ডবাই পানির ট্যাংক ইত্যাদিসহ)<br>ঘ) নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ<br>ঙ) বিকল্প বিদ্যুৎ জেনারেটরসহ<br>চ) পার্বত্য এলাকা থেকে পণ্য পরিবহন<br>ছ) মেলা প্রাঙ্গনে ভলান্টিয়ার নিয়োগ (মহিলাসহ)<br>জ) পণ্য সংগ্রহ ও সংরক্ষণের জন্য উন্নয়ন বোর্ড ও ৩ পার্বত্য জেলা পরিষদ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | সার্বক্ষণিক যোগাযোগের মাধ্যমে নিরাপত্তা ব্যবস্থা এবং অন্যান্য বিষয় নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট উপকমিটি<br>ক) উপপুলিশ কমিশনার (রমনা), ঢাকা/ ওসি রমনা/ কমান্ডিং অফিসার, র‍্যাব-৩<br>খ) চেয়ারম্যান, তিন পার্বত্য জেলা পরিষদ।<br>গ) মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স<br>ঘ) ও ঙ) প্রকল্প পরিচালক, শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স<br>চ) ডিআইজি, ঢাকা/চট্টগ্রাম রেঞ্জ/ অতিরিক্ত আইজিপি, হাইওয়ে পুলিশ<br>ছ)বাংলাদেশ এ্যাডভেঞ্চার ক্লাব<br>জ) চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/ চেয়ারম্যান, তিন পার্বত্য জেলা পরিষদ। |

D:\Official Document\Different Festival (Mamun)\Master File\Minutes 26-12-2021 (Follow Up Meeting).docx

Scanned with CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২। | টয়লেট সরবরাহ/স্থাপন | মোবাইল টয়লেট সরবরাহের নিমিত্ত ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বরাবর পত্র দেয়া হয়েছে। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের লজিস্টিক সাপোর্ট না থাকায় মোবাইল টয়লেট দেয়া সম্ভব নয় মর্মে জানানো হয়েছে। | মোবাইল টয়লেট স্থাপন ও ব্যবহার উপযোগী রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট উপকমিটি<br>ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন |
| ৩। | পানির ভাউচার সংগ্রহ/সরবরাহ | মেলা প্রাঙ্গনে সুপেয় পানি সরবরাহের নিমিত্ত ঢাকা ওয়াসা বরাবর পত্র দেয়া হয়েছে। | আগতদের সুপেয় পানি পানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট উপকমিটি |
| ৪। | মেডিকেল টিম সরবরাহ | মেলা চলাকালীন মেডিকেল সেবা প্রদানে নিমিত্ত সিভিল সার্জন, ঢাকা বরাবর পত্র দেয়া হয়েছে। | প্রাথমিক চিকিৎসার জন্য মেলায় আলাদা স্টল বরাদ্দ প্রদানের ব্যবস্থা করতে হবে। | সংশ্লিষ্ট উপকমিটি |
| ৫। | মেলা বিষয়ক প্রচার | ক) ব্যানার, ফেস্টুন, ব্যাকড্রপ, বোর্ড, স্ট্যান্ড ফেস্টুন ইত্যাদির ডিজাইন চূড়ান্ত করা হলে UNDP - কে প্রিন্টের জন্য দেয়া হবে।<br><br>খ) মেলার উদ্বোধনী ও সমাপনী কার্ড তৈরি<br><br>গ) টিভি স্ক্রল - BTV তে পত্র দেয়া হয়েছে। অন্যান্য বেসরকারি টিভি চ্যানেলের সাথে যোগাযোগ করার জন্য সভাপতি জনসংযোগ কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন।<br>ঘ) এসএমএস- বিটিআরসি তে পত্র দেয়া হয়েছে।<br>ঙ) পত্রিকায় বিজ্ঞাপন প্রচারের বিষয়ে আলোচনা হয়।<br><br>চ) প্রেস রিলিজের জন্য জনসংযোগ কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | প্রচার উপকমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>খ) অনুমোদন সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>গ) প্রচার উপকমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ঘ) বিটিআরসি'র সাথে যোগাযোগ করতে হবে।<br>ঙ) মেলার পূর্বে (২ দিন) পত্রিকায় বিজ্ঞাপন প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>চ) প্রেস রিলিজের ব্যবস্থা করতে হবে। | ক) সংশ্লিষ্ট উপকমিটি ও UNDP<br><br>খ) বাংলাদেশ এ্যাডভেঞ্চার ক্লাব<br><br>গ) সংশ্লিষ্ট উপকমিটি<br><br>ঘ) সংশ্লিষ্ট উপকমিটি<br><br>ঙ) সংশ্লিষ্ট উপকমিটি<br><br>চ) জনসংযোগ কর্মকর্তা |
| ৬। | স্টল বরাদ্দ প্রদান | স্টল বরাদ্দ এখন পর্যন্ত চূড়ান্ত করা হয়নি। সভাপতি স্টলের তালিকা যত দ্রুত সম্ভব তৈরি করার জন্য সংশ্লিষ্ট উপকমিটিকে পরামর্শ প্রদান করেন এবং তালিকা অনুযায়ী স্টল বরাদ্দ প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। | স্টলের তালিকা তৈরি পূর্বক বরাদ্দের ব্যবস্থা করতে হবে। | সংশ্লিষ্ট উপকমিটি<br>বাংলাদেশ এ্যাডভেঞ্চার ক্লাব |
| ৭। | সাংস্কৃতিক অনুষ্ঠানের উপস্থাপক নির্বাচন, স্ক্রিপ্ট তৈরি এবং তিন পার্বত্য জেলার সাংস্কৃতি অনুষ্ঠান পরিবেশনা | ক) উপস্থাপনা (স্ক্রিপ্টসহ)- স্ক্রিপ্টসহ উপস্থাপকগণের নাম পরবর্তীতে ঠিক করা হবে।<br>খ) সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশনা<br>-১ম দিন বান্দরবান ও রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের সমন্বয়ে<br>-২য় দিন রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ<br>-৩য় দিন খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ এবং<br>-৪র্থ দিন খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ | সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য উপস্থাপক নির্বাচন করতে হবে। | সংশ্লিষ্ট উপকমিটি<br>সংশ্লিষ্ট জেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা |
| ৮। | উদ্বোধনী অনুষ্ঠান | উদ্বোধনী অনুষ্ঠান আয়োজনের নিমিত্ত উত্তরীয়, ফুল, ১০ জন শিশু/শিল্পী, ফিতা, | উদ্বোধনী অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট উপকমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সংশ্লিষ্ট উপকমিটি<br>বাংলাদেশ এ্যাডভেঞ্চার |



Scanned with CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | কাঁচি, ট্রে, বেলুন, পায়রা, ফটোসেশন ইত্যাদি ক্রয়/আয়োজন করতে হবে। উদ্বোধন ও সমাপনী অনুষ্ঠানে উপস্থিত প্রধান অতিথি, বিশেষ অতিথিগণের বক্তব্য প্রদান করবেন। | | ক্লাব |
| ৯। | পুরস্কার ক্রয় ও বিতরণ | ক) ৯৫টি স্টলের জন্য শুভেচ্ছা স্মারক (ক্রেস্ট) ও সার্টিফিকেট প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>খ) শ্রেষ্ঠ স্টলের পুরস্কার ক্রয়-১ম, ২য়, ৩য়<br>গ) শ্রেষ্ঠ কৃষিজ পণ্য-১টি দেয়া হবে<br>ঘ) অতিথিদের জন্য উপহার<br><br>মেলায় অংশগ্রহণকারী ৯০টি স্টলের জন্য শুভেচ্ছা স্মারক (ক্রেস্ট), সার্টিফিকেট, পুরস্কার ও উপহার সামগ্রীর ব্যয় নির্বাহের জন্য চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের নিকট অনুরোধ জানানোর বিষয়ে আলোচনা হয়।<br>খ) পুরস্কার প্রদানের জন্য বিচারক কমিটি গঠনের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ক) মেলায় অংশগ্রহণকারী ৯৫টি স্টলের জন্য শুভেচ্ছা স্মারক (ক্রেস্ট), সার্টিফিকেট, পুরস্কার ও উপহার সামগ্রীর ব্যয় নির্বাহের জন্য চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের নিকট অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করতে হবে।<br><br>খ) পুরস্কার প্রদানের জন্য বিচারক প্যানেল নিম্নরূপভাবে গঠন করা হলো:<br>১) জনাব সত্যেন্দ্র কুমার সরকার -আহ্বায়ক<br>অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>২) জনাব মো: হজুর আলী -সদস্য<br>যুগ্মসচিব (উন্নয়ন)<br>৩) জনাব আশীষ কুমার সাহা -সদস্য<br>উপসচিব (সমন্বয়-২)<br>৪) জনাব আবু রাফা মোহাম্মদ আরিফ-সদস্য<br>উপসচিব (বাজেট/প্রশাসন-২)<br>বিচারক প্যানেল মেলায় অংশগ্রহণকারী স্টলসমূহের ডেকোরেশন, বিক্রয়ের কার্যক্রম, শ্রেষ্ঠ কৃষিজ পণ্য পর্যবেক্ষণ এবং যোগ্য স্টল ও কৃষিজ পণ্যকে পুরস্কারের জন্য নির্বাচন করবেন। | ক) সংশ্লিষ্ট উপকমিটি এবং চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড<br><br>বিচারক প্যানেলের সদস্যবৃন্দ |
| ১০। | আপ্যায়ন | উদ্বোধনী ও সমাপনী দিন এবং অবশিষ্ট ২দিন মেলার দায়িত্বে সার্বক্ষণিক ও খন্ডকালীন ভিত্তিতে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের এবং শিল্পীদের আপ্যায়ন এর বিষয়ে আলোচনা হয়। | উদ্বোধনী ও সমাপনী দিন, অবশিষ্ট ২ দিন এবং মেলার দায়িত্বে সার্বক্ষণিক ও খন্ডকালীন ভিত্তিতে নিয়োজিত কর্মকর্তা/কমচারীদের এবং শিল্পীদের আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট উপকমিটি |

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় অবশিষ্ট না থাকায় সবাইকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
০২/০১/২০২২
(মোসাম্মৎ হামিদা বেগম)
সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

নং-২৯.০০.০০০০.২১৩.২৩.০৩৭.১৫-০৬

তারিখঃ ০৩/০১/২০২২ খ্রিঃ

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
২। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, রমনা, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান।



Scanned with CamScanner

৫। মহাপরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।
৬। ভাইস চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
৭। যুগ্মসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। নির্বাহী পরিচালক, বাংলাদেশ তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা।
৯। উপসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান।
১১। মন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী সদয় অবগতির জন্য)।
১২। সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। সিনিয়র সহকারী সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৫। জনসংযোগ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৬। নির্বাহী পরিচালক ব্র্যাক, ব্র্যাক সেন্টার, ৭৫ মহাখালী, ঢাকা-১২১২।
১৭। নির্বাহী পরিচালক, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র, প্রধান কার্যালয়, বাড়ি নং ৫৪৮,রোড নং-১০ বাইতুল আমান হাউজিং সোসাইটি, আদাবর মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
১৮। কান্ট্রি ডিরেক্টর, হেলেন কেলার ইন্টারন্যাশনাল বাংলাদেশ, বাড়ি নং-১০ই, সড়ক নং-৮২, গুলশান-২, ঢাকা।
১৯। ন্যাশনাল প্রজেক্ট ম্যানেজার, এসআইডি-সিএইচটি, আইডিবি ভবন (১৮ তলা) আগারগাঁও ঢাকা-১০০০।
২০। নির্বাহী পরিচালক, মানুষের জন্য ফাউন্ডেশন, বাড়ি নং-২২, রোড নং-৪, ব্লক-এফ, বনানী, ঢাকা।
২১। নির্বাহী পরিচালক, কারিতাস, ২ আউটার সার্কুলার রোড, জিপিও বক্স নং-৯৯৯, শান্তিবাগ, ঢাকা-১২১৭।
২২। FAO Representative in Bangladesh, Road No.8, House No.37, Dhanmondi, Dhaka.
২৩। ILO, Country Director in Bangladesh, IDB Bhaban, Dhaka.
২৪। পরিচালক, বাংলাদেশ এ্যাডভেঞ্চার ক্লাব, বিজয় রাকিন সিটি, ফ্লাট-১/২, ব্লক ডি, মিরপুর, সেকশন-১৫, ঢাকা।
২৫। জনাব বাদশা ফয়সাল, পরিচালক, গরবা, রাঙ্গামাটি।
২৬। সহকারী প্রোগ্রামার/আইসিটি স্পেশালিস্ট, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

০৫/০১/২০২২
(সজল কান্তি বনিক)
উপসচিব

D:\Official Document\Different Festival (Mamun)\Master File\Minutes 26-12-2021 (Follow Up Meeting).docx

Scanned with CamScanner